

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২৫-১৩

তারিখ : ২৭ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ  
১২ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

## “ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৫” এর বিজ্ঞপ্তি

যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ মোতাবেক সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে নিম্নে উল্লিখিত ০৫টি ক্যাটাগরিতে “ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৫” প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

### পুরস্কার ক্যাটাগরির নাম

ক্রমিক নং	ক্যাটাগরির নাম	পুরস্কার সংখ্যা	পুরস্কারের ধরণ (প্রতিটির ক্ষেত্রে)
(১)	যুব উন্নয়ন ও কর্মসংস্থানে অসাধারণ অবদানের জন্য	০৩ (তিন)টি	প্রতিটি পুরস্কার
(২)	শিক্ষা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কারিগরি ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য	০৩ (তিন)টি	নগদ ১,০০,০০০/- (এক লক্ষ)
(৩)	দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতার ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য	০৩(তিন)টি	টাকা/প্রাইজবন্ড, একটি সম্মাননা
(৪)	জ্যেষ্ঠদের প্রতি আদর্শ সেবা/ সমাজকল্যাণে অসাধারণ অবদানের জন্য	০৩ (তিন)টি	ক্রেস্ট এবং একটি সার্টিফিকেট
(৫)	ক্রীড়া, কলা ও সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য	০৩ (তিন)টি	

### আবেদনের শর্তাবলী

- ১.ক আবেদনকারীকে অবশ্যই ১৮ হতে ৪৫ বছরের বয়সসীমার নারী-পুরুষ নির্বিশেষে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ১.খ অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে সেবা ও উন্নয়নমূলক কর্মে নিয়োজিত যুবরা এ পুরস্কারের জন্য আবেদন করতে পারবেন।
- ১.গ আগ্রহী যুবগণকে স্ব স্ব উপজেলা কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন নির্ধারিত ফরমে দাখিল করতে হবে। তবে মহানগরীর ক্ষেত্রে ( যেখানে উপজেলা কার্যালয় নেই ) জেলা কমিটির সভাপতি হিসেবে জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে।
- ১.ঘ আবেদনের সাথে দাখিলকৃত প্রোফাইলের ক্ষেত্রে যে ক্যাটাগরিতে আবেদন করবেন সে ক্যাটাগরিতে উল্লিখিত বিষয় সংশ্লিষ্ট একজন কর্মকর্তার ( সরকারি, আধাসরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রায়ত্ত্ব সংস্থার জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ৯ম বা তদুর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তা ) প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।
- ১.ঙ একজন আবেদনকারী কেবলমাত্র একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন।
- ১.চ ফৌজদারি মামলায় দণ্ডিত কোনো ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
- ১.ছ সমাজ বা রাষ্ট্র বিরোধী কাজে লিপ্ত কোনো যুব এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
- ১.জ ঋণখেলাপি কোনো ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
- ১.ঝ চূড়ান্তভাবে বিজয়ীকে ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোনো বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে ক্যাটাগরিভিত্তিক মেধাক্রমের শীর্ষ থেকে পরবর্তী বিজয়ী নির্বাচিত হবেন।
- ১.ঞ ইতোপূর্বে ভলান্টিয়ার অ্যাওয়ার্ড প্রাপ্তগণ এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
- ১.ট পুরস্কার প্রদানের বিষয়ে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


পাতা/২

৩৩৩৩

২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ( [www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd) )-এ প্রবেশ করে ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৫ ক্লিক করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক তা যথাযথভাবে পূরণপূর্বক এসঙ্গে অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি সংযুক্ত করে আবেদন আগামী ০৭ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ (২৪ টেত্র, ১৪৩১ বঙ্গাব্দ) তারিখ সোমবার অফিস সময়ের মধ্যে নির্ধারিত স্থানে (শর্তাবলীর ১.গ উপঅনুচ্ছেদ অনুযায়ী) সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

৩। আবেদন ফরমে উল্লিখিত চাহিত সকল প্রমাণক ( সনদপত্র, প্রত্যয়নপত্র, ছবি, ভিডিও, পেনডাইভ ও অন্যান্য তথ্যাদি ) সংযুক্ত করতে হবে।

৪। সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রযোজ্য ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট নির্বাহী কর্মকর্তার সাথে মোবাইল নম্বর-০১৭১৬২৩০৩৬৬-এ যোগাযোগ করা যেতে পারে।

  
২২/০৩/২৫  
শাহানা সুলতানা  
উপসচিব